

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭২

১৬/ শিকার (ﷺ ১৬/ শিকার) পরিচ্ছেদঃ ৮. চকমকি (সাদা) পাথর দিয়ে যবেহ করা

باب مَا جَاءَ فِي الذَّبِيحَةِ بِالْمَرْوَةِ .

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الْقُطَعِيُّ، حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى، عَنْ سَعِيدِ، عَنْ قَتَادَةَ، عَنِ الشَّعْبِيّ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ رَجُلاً، مِنْ قَوْمِهِ صَادَ أَرْنَبًا أَوِ اتْنَيْنِ فَذَبَحَهُمَا بِمَرْوَةٍ فَتَعَلَّقَهُمَا حَتَّى لَقِي رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَسَأَلَهُ فَأَمَرَهُ بِأَكْلِهِمَا . قَالَ وَفِي الْبَابِ عَنْ مُحَمَّدِ بْنِ صَفْوَانَ وَرَافِعٍ وَعَدِيّ بْنِ حَاتِمٍ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَخَّصَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مُحَمَّدِ بْنِ صَفْوَانَ وَرَافِعٍ وَعَدِيّ بْنِ حَاتِمٍ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَخَّصَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ أَنْ يُذَكِّيَ بِمَرْوَةٍ وَلَمْ يَرَوْا بِأَكُلُ الأَرْنَبِ بَأْسًا وَهُوَ قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ وَقَدْ كَرِهَ بَعْضَهُمْ أَكْلُ الأَرْنَبِ بَأْسًا وَهُوَ قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ وَقَدْ كَرِهَ بَعْضُهُمْ أَكْلُ الأَرْنَبِ بَأْسًا وَهُو قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ وَقَدْ كَرِهَ بَعْضُهُمْ أَكْلُ الأَرْنَبِ بَأْسًا وَهُو قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ وَقَدْ كَرِهَ بَعْضُهُمْ أَكُلُ الأَرْنَبِ بَأْسًا وَهُو قَوْلُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ وَقَدْ كَرِهَ بَعْضُهُمْ أَكْلُ الأَرْنَبِ . وَقَد اخْتَلَفَ أَصْحَابُ الشَّعْبِيّ فِي رِوَايَةٍ هَذَا الْحَدِيثِ فَرَوَى دَاوْدُ بْنُ أَبِي هِنْ عَنْ الشَّعْبِيّ عَنْ مُحَمَّد بْنِ صَغُوانَ . وَرَوَى عَاصِمِ الْأَحْوَلُ عَنِ الشَّعْبِيّ عَنْ مُحَمَّد بْنِ صَغُوانَ . وَرُوى عَاصِمِ اللَّعْفِقُ عَنِ الشَّعْبِيّ عَنْ مُحَمَّد بَنِ صَغُوانَ . وَمُحَمَّد بُن صَغُوانَ مَوْفَى مَا الشَّعْبِيّ عَنْ الشَّعْبِيّ عَنْ مُكَمَّد بَنِ صَغْوانَ مُحَمَّد عَنِ الشَّعْبِيّ عَنْ الشَّعْبِيّ عَنْ مَا الشَّعْبِيّ عَنْ مُكَمَّد مُولِ الللَّهُ بَوْ مَدْولَ مَاللَّ عَنِ الشَّعْبِيّ عَنْ الشَّعْبِيّ عَنْ الشَّعْبِي عَنْ الشَّعْبِي عَنْ مُلَامًا . قَالَ مُحَمَّد مُريَثُ الشَّعْبِي عَنْ جَابِرٍ غَيْرُ مَحْفُوطٍ .

## বাংলা

১৪৭২। জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত আছে, তার বংশের একজন লোক একটি অথবা দুটি খরগোশ শিকার করার পর একটি সাদা পাথর দ্বারা তা যবেহ করে। সে শিকার দুটি ঝুলানো অবস্থায় রেখে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে দেখা করে। সে এ বিষয়ে তাকে প্রশ্ন করে। তিনি তাকে এটা খাওয়ার নির্দেশ দেন।

সহীহ, ইবনু মা-জাহ (৩১৭৫)

আবূ ঈসা বলেন, মুহাম্মাদ ইবনু সাফওয়ান, রাফি ও আদী ইবনু হাতিম (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। সাদা পাথর দ্বারা যবেহ করার পক্ষে একদল আলিম অনুমতি প্রদান করেছেন। তারা খরগোশ খাওয়াতে



কোন আপত্তি আছে বলে মনে করেন না। বেশিরভাগ আলিমের এই অভিমত।খরগোশের মাংস খাওয়াকে কিছু আলিম মাকরুহ বলেছেন।

এ হাদীস বর্ণনায় (সনদসূত্রে) শাবী (রাহঃ)-এর শাগরিদগণ মতপার্থক্য করেছেন। দাউদ ইবনু আবৃ হিন্দ-আশ-শাবী হতে, তিনি মুহাম্মাদ ইবনু সাফওয়ানের সূত্রে বর্ণনা করেছেন। আসিম আল-আহওয়াল-শাবী হতে, তিনি সাফওয়ান ইবনু মুহাম্মাদ অথবা মুহাম্মাদ ইবনু সাফওয়ানের সূত্রে বর্ণনা করেছেন। মুহাম্মাদ ইবনু সাফওয়ান অনেক বেশি সহীহ। কাতাদা-শাবী-এর সূত্রে বর্ণিত হাদীসের মত জাবির আল-জুকী-শাবী হতে, তিনি জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ)-এর সূত্রে এ হাদীস বর্ণনা করেছেন। হয়ত একই হাদীস দু'জনেই শাবীর সূত্রে বর্ণনা করেছেন।

ইমাম বুখারী (রাহঃ) বলেছেন, জাবিরের সূত্রে শাবি হতে বর্ণিত হাদীসটি অরক্ষিত।

## **English**

Narrated Jabir bin 'Abdullah:

That a man from his people hunted a rabbit or two and slaughtered them with Marwah. Then he hung them up until he met the Messenger of Allah (ﷺ), so he asked him about that, and he (ﷺ) told him to eat them.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন